...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

আইসিটি শাখা

www.sylhet.gov.bd

# আইসিটি বিষয়ক কমিটির সেপ্টেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | এম কাজী এমদাদুল ইসলাম<br>জেলা প্রশাসক, সিলেট |
| সভার তারিখ | ৩০ সেপ্টেম্বর ২০২১ |
| সভার সময় | বেলা ১১:৩০ টা |
| স্থান | Zoom Application |
| উপস্থিতি | পরিশিষ্ট- "ক" |

সভাপতি Zoom Application এ সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সভায় আগস্ট ২০২১ মাসের কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। জেলা আইসিটি বিষয়ক কমিটির সভার নিম্নবর্ণিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | <u>ইনফো সরকার-৩ প্রকল্প:</u> সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার প্রকল্প-৩ জানান, ইনফো সরকার প্রকল্পের আওতায় ৬৬টি ইউনিয়নের মধ্যে বর্তমানে বিশ্বনাথ উপজেলার দেওকলস ইউনিয়ন ব্যতীত ৬৫টি ইউনিয়নে যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। তন্মধ্যে ৬৩টি ইউনিয়ন ন্যাশনাল মনিটরিং সিস্টেম (NMS) এর আওতায় আছে এবং নিরবচ্ছিন্ন ইন্টারনেট সরবরাহ করা হচ্ছে। প্রকল্প দপ্তর থেকে নষ্ট ডিভাইসসমূহ মেরামত করে সরবরাহ না করায় সংযোগবিহীন ৪টি ইউনিয়নে (বাঘা, দয়ামীর, দেওকলস ও দুবাগ) ইন্টারনেট সরবরাহ করা সম্ভব হচ্ছে না।<br>উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলার দক্ষিণ রণিখাই ইউনিয়নে ইন্টারনেট সংযোগ নেই। এ বিষয়ে সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার প্রকল্প-৩ জানান, হাইটেক পার্ক, কোম্পানীগঞ্জ-এ Point of Presense (PoP) এর অবস্থান হওয়ায় দক্ষিণ রণিখাই ইউনিয়নে ইন্টারনেট সংযোগ প্রদান করা সম্ভব হয়নি। | ১। দয়ামীর, দেওকলস ও দুবাগ ইউনিয়নে ইন্টারনেট সংযোগ প্রদান করতে হবে।<br>২। সংযোগ প্রাপ্ত ইউনিয়নে নিরবচ্ছিন্ন ব্যান্ডউইথ পাচ্ছে কি না মনিটরিং করতে হবে এবং পরবর্তী সভায় অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>৩। ইউনিয়নসমূহের ব্যান্ডউইথের সমস্যাসমূহ উল্লেখ করে প্রকল্প দপ্তর বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br>৪। ইনফো সরকার ২য় পর্যায় প্রকল্পসমূহের আওতাধীন কানেক্টিভিটি তে যান্ত্রিক ত্রুটি দেখা দিলে আঞ্চলিক পরিচালক, বিসিসি, সিলেট-কে অবহিত করতে হবে এবং বিসিসি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।<br>৫। কোম্পানীগঞ্জ উপজেলার দক্ষিণ রণিখাই ইউনিয়নে ইন্টারনেট সংযোগ দেওয়ার বিষয়ে প্রকল্প দপ্তর বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br>৬। ইউনিয়নগুলোতে বিটিসিএল ও ইনফো সরকার-৩ প্রকল্পের ইন্টারনেট সংযোগ রয়েছে। উক্ত সংযোগগুলোর সার্বিক মনিটরিং ও সমন্বয় করবেন প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট। | আঞ্চলিক পরিচালক, বিসিসি, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট জুনিয়র কনসালটেন্ট ও সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| ২ | ই-ফাইলিং (নথি) বাস্তবায়ন: অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান, ই-নথি সিস্টেমের মাধ্যমে নিয়মিত ডাক গ্রহণ করা হচ্ছে এবং তা ই-নথিতে উপস্থাপন করে নিষ্পত্তি করা হচ্ছে। ই-নথি সিস্টেমের আপডেটের কার্যক্রম চলমান থাকায় বর্তমানে নথি সিস্টেমে প্রতিবেদন প্রদর্শন হচ্ছেনা। তাছাড়া, প্রোগ্রমার তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, সিলেট ডি-নথি চালুর বিষয়টি সভায় উত্থাপন করেন এবং ডি-নথির পূর্বে ই-নথির ব্যবহার জোরদার করণের বিষয়ে আলোকপাত করেন। | ১। জেলা ও উপজেলা পর্যায়ের ই-নথি কার্যক্রম গতিশীল করতে মনিটরিং জোরদার করতে হবে। দীর্ঘদিন যাবত পেন্ডিংয়ে থাকা ডাক এবং নথি অবিলম্বে নিষ্পত্তি করতে হবে।<br>২। জেলা ও উপজেলা পর্যায়ে ডি-নথি চালুর পূর্বে ই-নথির বাস্তবায়ন জোরদার করতে হবে। | ই-ফাইলিং সিস্টেম আওতাভুক্ত সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান, উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ৩ | ওয়েব পোর্টাল হালনাগাদকরণ: সভায় প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর জানান, কেন্দ্রীয়ভাবে ওয়েব পোর্টাল নতুন ভার্সন সংক্রান্ত আপটেডের কাজ চলমান থাকায় বর্তমানে রিপোর্ট প্রদর্শন হচ্ছেনা।<br>জেলা তথ্য বাতায়নের সমস্যাগুলো সমাধানের জন্য প্রকল্প পরিচালক, এটুআই বরাবর পত্র প্রেরণ করা হলে জেলা তথ্য বাতায়নের বেশ কিছু ত্রুটির সমাধান করা হয়েছে। বর্তমানে জেলা তথ্য বাতায়নের সমস্যাগুলো চিহ্নিত করে সমাধানের লক্ষ্যে প্রকল্প পরিচালক, এটুআই বরাবর পত্র প্রেরণের আলোচনা করা হয়। | ১। জেলা ও উপজেলা তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে। জেলা ও উপজেলা প্রশাসনের বিভিন্ন কার্যক্রমের খবর ও নোটিশ আপলোড নিশ্চিত করতে হবে। প্রত্যেক দপ্তরের তথ্য বাতায়ন বাংলা এবং ইংরেজিতে হালানাগাদ করতে হবে। | প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), আইসিটি অধিদপ্তর, সিলেট |
| | | ২। জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে তথ্য বাতায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান, উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| | | ৩। জেলা তথ্য বাতায়নের সমস্যাগুলো চিহ্নিত করে সমস্যাগুলো সমাধানের লক্ষ্যে প্রকল্প পরিচালক, এটুইই বরাবর পত্র প্রেরণ করা যায়। | সহকারী কমিশনার, আইসিটি শাখা প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, সিলেট |
| | | জেলা পর্যায়ের সকল দপ্তরের তথ্য বাতায়ন জরুরি ভিত্তিতে হালনাগাদ করতে হবে। | স্ব স্ব দপ্তর প্রদান |
| ৪ | ইউডিসি সংক্রান্ত: সহকারী কমিশনার (আইসিটি), জানান, একসেবা সিস্টেমে আগস্ট ২০২১ মাসে ২৪টি ডিজিটাল সেন্টার উদ্যোক্তা মোট ২,১৫,০৪৪/- (দুই লক্ষ পনের হাজার চুয়াল্লিশ) টাকা আয়ের তথ্য আপলোড করছেন। আগস্ট ২০২১ মাসে সর্বোচ্চ ২৯,০০০/- (উনত্রিশ হাজার) টাকা আয় করেন গোয়াইনঘাট উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টার উদ্যোক্তা জনাব জহির উদ্দিন এবং সর্বনিম্ন ১০০/- (একশত) টাকা আয় করেছেন মিজ্ স্বপ্না বেগম, তোয়াকুল ইউডিসি, গোয়াইনঘাট। সভায় ইউডিসি'র কার্যক্রম ও উদ্যোক্তাদের সেবা প্রদানের মান বৃদ্ধি করতে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। 'একসেবা' সিস্টেমে যেসকল উদ্যোক্তা প্রকৃত আয়ের তথ্য আপলোড করতে হবে। বিষয়টি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার মনিটরিং করবেন এবং উদ্যোক্তাদের 'একসেবা' সিস্টেমে আয়ের তথ্য আপলোডের নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| | | ২। পরবর্তী সভায় গোয়াইনঘাট উপজেলা পরিষদ, গোয়াইনঘাট ও তোয়াকুল ইউডিসির সেন্টার উদ্যোক্তাগণের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট |

| | | | |
|---|---|---|---|
| ৫ | <u>মাল্টিমিডিয়া ক্লাসরুম:</u> জেলা শিক্ষা অফিসার এর প্রতিনিধি জানান, সিলেট জেলার শিক্ষা অফিসের আওতাধীন বিদ্যালয়সমূহ বর্তমানে খুলে যাওয়া নিয়মিত অনলাইনে ক্লাস নেয়া হচ্ছে। মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেমে শিক্ষা প্রতিষ্ঠান থেকে নিয়মিত রিপোর্ট আপলোড করা হচ্ছে না। মাল্টিমিডিয়া ক্লাসরুম বৃদ্ধি করতে সভায় আলোচনা করা হয়। | ১। সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাস নিতে হবে।<br>২।সিলেট জেলায় অনলাইনে সম্পাদিত ক্লাসের তথ্য মাল্টিমিডিয়া সাইটে আপলোড করতে হবে এবং ক্লাসের সংখ্যা বৃদ্ধি করতে হবে। | জেলা শিক্ষা অফিসার, সিলেট |
| ৬ | <u>শেখ রাসেল ডিজিটাল ল্যাব:</u> প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর জানান, জেলা ও উপজেলা পর্যায়ে আগস্ট ২০২১ মাসে ১২টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করা হয়েছে।এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রতি মাসে ৩০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করতে হবে। | প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), আইসিটি অধিদপ্তর, সিলেট |

পরিশেষে আইসিটি বিষয়ক সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে আরো তৎপর হওয়ার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০২৪.০৬.০০১.১৬.২১৯ তারিখ: ০৪ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
৫) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), অ্যাসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
৬) সভাপতি মহোদয়ের একান্ত সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, ঢাকা (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
৯) উপ-মহাব্যবস্থাপক, বিটিসিএল, সিলেট
১০) আঞ্চলিক পরিচালক , বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, সিলেট
১১) ........................................... সদস্য/সদস্য সচিব, জেলা আইসিটি বিষয়ক কমিটি, সিলেট
১২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
১৩) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
১৪) সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
১৫) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার প্রকল্প, সিলেট

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক

Zoom Application এর মাধ্যমে অনুষ্ঠিত জেলা আইসিটি বিষয়ক কমিটির সেপ্টেম্বর ২০২১ সভার
উপস্থিতি তালিকা

১. প্রতিনিধি,পুলিশ সুপার, সিলেট
২. প্রতিনিধি,সিভিল সার্জন, সিলেট
৩. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট
৪. উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট
৫. উপমহাব্যবস্থাপক, বিটিসিএল, সিলেট
৬. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
৭. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, সিলেট
৮. প্রতিনিধি, অধ্যক্ষ, মুরারিচাঁদ কলেজ, সিলেট
৯. প্রতিনিধি, অধ্যক্ষ, মদনমোহন কলেজ, সিলেট
১০. প্রতিনিধি, অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, সিলেট
১১. প্রতিনিধি, অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, সিলেট
১২. প্রতিনিধি, জেলা শিক্ষা অফিসার, সিলেট
১৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট
১৪. প্রতিনিধি, ডেপুটি পোস্ট মাষ্টার জেনারেল, সিলেট
১৫. প্রধান শিক্ষক, সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট
১৬. প্রধান শিক্ষক, অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয়, সিলেট
১৭. সহকারী প্রোগ্রামার (সকল), আইসিটি অধিদপ্তর, সিলেট